


# আপনার দাবির ক্ষেত্রে কিভাবে শ্রম ও শিল্প বিভাগের বিরুদ্ধে দাবির আবেদন করবেন



## প্রতিবাদ কি?

প্রতিবাদ হল দাবির আবেদন যেখানে আপনি সিদ্ধান্তের সঙ্গে অসম্মত হয়ে শ্রমিক ক্ষতিপূরণের দাবি করছেন। সিদ্ধান্তের চিঠি পাওয়ার দিন থেকে 60 দিনের মধ্যে অবশ্যই আপনার দাবির আবেদন পেতে হবে।

আপনার দাবির আবেদনে যা যা অন্তর্ভুক্ত থাকবে:

- আপনার নাম ও দাবির নম্বর।
- বিভাগীয় সিদ্ধান্তের তারিখ।
- আপনার অসম্মতি দেয়ার কারণ এবং যে কোন প্রদানকারী এর রিপোর্ট বা অন্যান্য তথ্য যা আপনি বিশ্বাস করেন প্রদর্শন করে যে বিচারটি ভুল।

## আমার আপিল বা প্রতিবাদ কোথায় পাঠানো উচিত?

- অনলাইনে দাবি পাঠান Claim and Account Center (দাবি এবং একাউন্ট সেন্টার) ব্যবহার করে <https://secure.Lni.wa.gov> (আপনার একটি পাসওয়ার্ড সহ একাউন্ট তৈরি করতে হবে)। অথবা
- এখানে ডাকযোগে পাঠান: Department of Labor & Industries, P.O. Box 44291, Olympia WA 98504-4291। অথবা
- এখানে পাঠান: Board of Industrial Insurance Appeals (BIIA), Executive Secretary, P.O. Box 42401, Olympia WA 98504-2401, বা আপনি বৈদ্যুতিন মাধ্যমে [www.BIIA.wa.gov](http://www.BIIA.wa.gov) এ গিয়ে জমা দিন। (Labor & Industries [শ্রম ও শিল্প বিভাগ] বিভাগ হয়তো আপনার উদ্বেগ নাও উল্লেখ করতে পারে, তবে শিল্প বিমা আবেদন পর্ষদ [Board of Industrial Insurance Appeals, BIIA] এর থেকে আদেশ পেলে তা করতে পারে।)

## যখন বিভাগ আমার দাবি পায় তখন কি হবে?

আপনার ক্লেইম ম্যানেজার আপনার দাবি পর্যালোচনা করবেন এবং নিচের যে কোনো একটি বিষয় করবেন:

1. আসল সিদ্ধান্ত পরিবর্তন করবেন। এছাড়াও আপনি নতুন চিঠি বা আদেশ অথবা নতুন সিদ্ধান্তের সঙ্গে সঙ্গে উভয়ই পাবেন।
2. আসল সিদ্ধান্ত সঠিক বলে সিদ্ধান্ত নেবেন। আপনি একটি আদেশ পাবেন যেখানে বলা থাকবে যে সিদ্ধান্তটি সঠিক। আপনি এখনও অসম্মত থাকলে আপনি হয়তো শিল্প বিমা আবেদন পর্ষদের (BIIA) কাছে আবেদন করতে পারেন। আদেশে আবেদনের সময়সীমা ও ডাকযোগের ঠিকানা সম্পর্কে বলা থাকবে।

3. আরো তথ্য প্রয়োজন এমন সিদ্ধান্ত নিয়েছেন। আপনি এমন আদেশেও পেতে পারেন যার কারণে সিদ্ধান্ত স্থগিত থাকতে পারে, আরো তথ্যের চিঠি পেতে পারেন, অথবা উভয়ই পেতে পারেন। ক্লেইম ম্যানেজার হয়তো আপনার, আপনার ডাক্তার বা আপনার নিয়োগকর্তার থেকে আরো তথ্য অনুরোধ করতে পারেন।

আপনার অসম্মতির আবেদনের সিদ্ধান্ত জানানোর ক্ষেত্রে 30 থেকে 60 দিন সময় লাগতে পারে অথবা প্রয়োজনীয় তথ্যের ভিত্তিতে আরো বেশী সময় লাগতে পারে। দাবির আবেদন করার 30 দিনের মধ্যে আপনি উত্তর না পেলে আপনার ক্লেইম ম্যানেজারের সঙ্গে কথা বলুন।

## যদি আমি 60 দিনের মধ্যে আবেদন না করি তাহলে কিভাবে?

যদি আপনি 60 দিনের মধ্যে আবেদন না করেন তাদের বিভাগীয় সিদ্ধান্ত চূড়ান্ত বলে ধরা হবে। এর মানে হল এই যে **পরে আপনি কোনো অসম্মতির আবেদন করতে পারবেন না।**

## যদি আমার দাবি সম্পর্কিত আমার কোনো প্রশ্ন থাকে তাহলে আমি কার সঙ্গে যোগাযোগ করব?

- ক্লেইম ম্যানেজার আপনার বিষয়টি দেখছেন, তার সঙ্গে যোগাযোগ করুন। কল করার ক্ষেত্রে সাহায্য করার জন্য দোভাষী সহায়তা প্রদানের ক্ষমতা আপনার ক্লেইম ম্যানেজারের আছে।
- সাধারণ দাবির তথ্যের জন্য টোল ফ্রি নম্বর 1-800-547-8367 এ কল করুন। এই নম্বরে ফোন করলে বাংলায় তথ্য শোনার বিকল্প প্রদান করবে।

## আরো সহায়তার জন্য, আপনি নিম্নলিখিত বিনামূল্যের পরিষেবার সঙ্গে পরামর্শ করতে পারেন:

- 1-800-255-9752 নম্বরে Project Help (প্রোজেক্ট হেল্প)। দোভাষী পরিষেবার প্রয়োজন হতে পারে।
- সমন্বিত আইন বিষয়ক শিক্ষা, পরামর্শ ও রেফারেলের (Coordinated Legal Education, Advice and Referral, CLEAR) জন্য 1-888-201-1014 নম্বর। এই নম্বরে কম উপার্জনকারী শ্রমিকদের সপ্তাহের দিনগুলোতে সকাল 9:15 টা থেকে 12:15 টা পর্যন্ত স্প্যানিশে তথ্য প্রদান করা হয়।

প্রোজেক্ট হেল্প বা CLEAR এ যোগাযোগ করলেই যে বিভাগীয় সিদ্ধান্তে আবেদন করা হল এমন নয়। এই তথ্য পত্রকে উল্লিখিত ধাপ অনুসারে বিভাগীয় সিদ্ধান্তের জন্য আবেদন করতে হবে।

PUBLICATION F242-363-207 (Bengali) [04-2019]



Washington State Department of  
**Labor & Industries**  
Workers' Compensation Services

অনুরোধের ভিত্তিতে, প্রতিবন্ধীদের জন্য বিদেশী ভাষা সহায়তা ও ফর্ম্যাট এখানে আছে। 1-800-547-8367 নম্বরে কল করুন। TTD ব্যবহারকারীগণ, 360-902-5797-এ কল করুন। L&I (শ্রম ও শিল্প বিভাগ) হল একটি সমান সুযোগ প্রদানকারী নিয়োগকর্তা।